॥ অশোক কুমার দাস সংগ্রহ ॥
৭২০০

রহস্য-সন্দর্ভ।

নাম

পদার্থসমালোচক মাসিক পত্র।

নবপর্ব্বাবলী।

১ পর্ব্ব] প্রতি খণ্ডের মূল্য ।০ আনা। বার্ষিক অগ্রিম মূল্য ২ টাকা। সন ১২৮০ [১ খণ্ড

ভূমিকা।

জগদীশ্বরের কৃপাবলে আমরা রহস্যসন্দর্ভের সপ্তম পর্ব্ব নির্ব্বিঘ্নে সমাপ্ত করিয়াছি এবং তজ্জন্য তাঁহাকে ধন্যবাদ করিতেছি: এক্ষণে নূতন পর্ব্বারম্ভ করিয়া প্রথম খণ্ড প্রকাশে প্রবৃত্ত হইয়াছি। কৃতমঙ্গলের নিমিত্ত পরমেশ্বরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও তাঁহাকে ধন্যবাদ করা বিধেয়, কিন্তু কামনা বা উদ্দেশ্য সাধনবিষয়ে জগৎপিতার করুণাকাঙ্ক্ষা অকর্ত্তব্য বোধে এই নবপর্ব্বের ভাবিমঙ্গলের জন্য ঈশ্বরের দয়া প্রার্থনা করিতে সাহস করি না। বিশ্বনিয়ন্তা আমাদিগের মঙ্গল ভিন্ন কিছুই করেন না, সুতরাং তাঁহার নিকট মঙ্গল কামনা করা ভ্রম মাত্র। এই আমাদিগের নবপর্ব্বারম্ভ এবং গ্রন্থারম্ভে মঙ্গলাচরণের প্রশস্তি থাকাতেই আমরা জগদীশ্বরের নাম সর্ব্বাগ্রে সংস্থাপন করিলাম ও বিশ্বাস করি যে, ইহাপেক্ষা মঙ্গলাচরণ উৎকৃষ্টতর হইতে পারে না।

সময়ের পরিবর্ত্তনের সহিত লৌকিক সকল বিষয়েরই পরিবর্ত্তন হয়, সুতরাং তন্নিবারণে যত্ন না করিয়া তাহার অনুসরণ করাই জ্ঞানীর কর্ম্ম। পূর্ব্বে যে সকল দ্রব্য লোকে অতি আদরের সহিত ব্যবহার করিত, এক্ষণে তাহার অনেক বস্তু কেহ ব্যবহার করে না, আর যদিও অল্প লোকে ব্যবহার করে তথাপি অনেকে তাহাতে বিরক্ত। মড়ম মেরজাই, ঢাকাই কাপড়, বাবরীকাটা চুল, টিপ, বালা, বাজু, গোট, হার, বীরবৌলী প্রভৃতির ব্যবহার পূর্ব্বের নাগরিক পুরুষগণ সাদরে করিতেন, কিন্তু এক্ষণে তাঁহারা এ সমস্তের প্রতি বিরক্ত। এ বিষয়ের পরীক্ষা করণার্থ আমরা এক জন কৃতবিদ্য ব্যক্তিকে একটী ঢাকাই তেড়চীর খাম এই ধার্য্য করিয়া দিতে প্রস্তাব করি যে, তিনি তাহার জামা করিয়া পরিবেন; তাহাতে তিনি তদ্গ্রহণে অসম্মত হইয়া কহিলেন "আমি বিনামূল্যে পাইতেছি বটে, কিন্তু উহা আমি পরিলে, যে পরিমাণে বন্ধুবান্ধবগণের নিকট অপ্রস্তুত হব, তাহা ইহার মূল্যাপেক্ষা অধিক।" বসনাদিসম্বন্ধেই যে এ প্রকার ঘটিয়াছে, এরূপ নহে, অশনাদি সকল বিষয়েই পরিবর্ত্তন দেখা যায়। পূর্ব্বে বৈদ্যগণ নবজ্বর হইলে রোগীকে প্রথমত চোনা খাওয়াইতেন, পরে দুই এক দিন লঙ্ঘন দিয়া তৃতীয় বা চতুর্থ দিবসে খৈ চূর্ণ ও মধু পথ্য দিতেন, কিন্তু এক্ষণে প্রাগুক্তরূপ ব্যবস্থা করিলে শত রোগীর মধ্যে পাঁচটীকে রক্ষা করা দুষ্কর হয় ও চিকিৎসক প্রহার প্রাপ্ত হয়েন। ইত্যাদিরূপ সকল বিষয়ে পরিবর্ত্তন দেখিয়া রহস্যসন্দর্ভেরও কতক নিয়ম পরিবর্ত্তিত হওয়া আবশ্যক